বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
Phone: 9550432, 9552996
Email: dgmlpo@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২০-২০২১/ ২৮৪৮

তারিখ ঃ ২৪-১২-২০২০খ্রিঃ

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
শাখা ব্যবস্থাপক, ব্যাচ আওতাভুক্ত শাখাসমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ <u>ব্যাচের আওতায় পরিচালিত নিকাশ ব্যবস্থায় শাখা কর্তৃক বাংলাদেশ ব্যাংকের প্রাপ্যতা অনুযায়ী আদায়কৃত ব্যাচ চার্জ মাস শেষে এলপিও বরাবর ১১১৪-সাধারণ হিসাবে ক্রেডিট এ্যাডভাইস প্রেরণের পরিবর্তে সিবিএস এর আওতাধীন ১১১০-অনলাইন সাধারণ হিসাবের মাধ্যমে নিষ্পত্তি প্রসঙ্গে।</u>

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৩-১২-২০২০খ্রিঃ তারিখের প্রকা/হিসাব(শাখা-১)/১(৫৫)/২০২০-২১/৫৩৬ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত প্রত্রের ২ নং অনুচ্ছেদ অনুযায়ী বিকেবির ব্যাচের আওতাধীন শাখাসমূহ হতে বাংলাদেশ ব্যাংকের জন্য আদায়কৃত চার্জ এর সমপরিমান টাকার ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের শেষ কর্মদিবসে ১১১৪-সাধারণ হিসাবের মাধ্যমে (তালিকাসহ) এলপিওতে প্রেরণের পরিবর্তে ১১১০-অনলাইন সাধারণ হিসাবের মাধ্যমে নিষ্পন্ন হবে মর্মে উল্লেখ করা হয়।

০৩। আগামী ৩০/১২/২০২০খ্রিঃ তারিখ হতে প্রতি মাসের শেষ কর্মদিবসে ব্যাচের আওতাধীন শাখাসমূহ হতে বাংলাদেশ ব্যাংকের জন্য আদায়কৃত চার্জ এর সমপরিমান টাকার ক্রেডিট এ্যাডভাইস ১১১৪-সাধারণ হিসাবের মাধ্যমে (তালিকাসহ) এলপিওতে প্রেরণের প্রয়োজন নেই। ব্যাচের আওতাধীন শাখাসমূহ বিকেবি, কেন্দ্রীয় হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ০৩-০৩-২০১৩খ্রিঃ তারিখের প্রকা/হিসাব-১/১(৫৫)/২০১২-১৩/১৫৭৯(৯৬) নং প্রত্রের ২(ক) উপ অনুচ্ছেদ অনুযায়ী ব্যাচের মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর হতে প্রতিদিন প্রযোজ্য হারে চার্জ (**Vat** সহ) কর্তনপূর্বক হিসাবায়ন করবে।

০৪। প্রতি মাসের শেষ কর্মদিবসে আপনার শাখার হতে বাংলাদেশ ব্যাংকের জন্য আদায়কৃত ব্যাচ চার্জ এর সমপরিমান টাকা ১১১০ অনলাইনের মাধ্যমে বিকেবি এলপিও হতে ৪১/১০(এইচ) প্রদেয় উপখাত সমন্বয় করা হবে। ব্যাচ শাখাসমূহ উক্ত উপখাত এলপিও হতে সমন্বয় সাপেক্ষে ব্যালেন্স শুণ্য(০) নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,
২৪/১২/২০২০
(শেখ আলতাপ হোসেন)
মহাব্যবস্থাপক (দায়িত্বে)

---

নং-বিকেবি/এলপিও প্রশা(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২০-২০২১/

তারিখ ঃ ২৪-১২-২০২০খ্রিঃ

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা' কে পত্রটি ব্যাংকের Website এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

24.12.2020
(সালমা খন্দকার)
সহকারী মহাব্যবস্থাপক ও
ব্যাচ ম্যানেজার

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/১(৫৫)/২০১২-২০১৩/১৫৭৯(৯৬)　　　　　　　　　　　　　　　　তারিখঃ ০৩-০৩-২০১৩

০১. মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।

০২. উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

০৩. ব্যবস্থাপক, সকল BACH সুবিধা সম্বলিত শাখা সমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পিএসডি সার্কুলার নং-০১/২০১৩ তারিখঃ ২৮-০২-২০১৩ সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করা হলো।

০২. বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলারের ২(৫) ও ২(৬) উপ-অনুচ্ছেদে বর্ণিত পুণঃনির্ধারিত চার্জ বাস্তবায়নের বিষয়ে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

(ক) বিকেবি'র BACH শাখা সমূহ (বর্তমানে ৮৮টি) BACH এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর হতে প্রতিদিন নিম্নবর্ণিত হারে চার্জ (Vat সহ) কর্তনপূর্বক নিম্নরূপ হিসাবায়ন করবেঃ

| ক্রঃ নং | ইন্সট্রুমেন্ট এর ধরণ | ডেবিট (সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব) | ক্রেডিট |
|---|---|---|---|
| ০১. | ৫০,০০০/- কিংবা তদূর্ধ কিন্তু ৫,০০,০০০/- টাকার কম অংকের ক্লিয়ারিং এর ক্ষেত্রে | মোট =১০/-(দশ) টাকা | ৪৬/৫ ভি (ব্যাচ কমিশন) =২(দুই) টাকা। (বিকেবি'র প্রাপ্য)<br>৪১/১০ (এইচ) =৮(আট) টাকা। (BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের প্রাপ্য) |
| ০২ | দেশের যে কোন অঞ্চলের High Value Cheque / Instrument(৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ অংকের) Same Day Clearing এর ক্ষেত্রে | মোট =৬০/-(ষাট) টাকা | ৪৬/৫ ভি (ব্যাচ কমিশন)=১০(দশ) টাকা। (বিকেবি'র প্রাপ্য)<br>৪১/১০ (এইচ) =৫০(পঞ্চাশ) টাকা। (BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের প্রাপ্য) |
| ০৩. | High Value Cheque / Instrument যদি Regular Value Clearing এ উপস্থাপিত হয় | মোট=২৫/-(পঁচিশ) টাকা | ৪৬/৫ ভি (ব্যাচ কমিশন) =৫(পাঁচ) টাকা। (বিকেবি'র প্রাপ্য)<br>৪১/১০ (এইচ) =২০(বিশ) টাকা। (BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের প্রাপ্য) |

( খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক কর্তনকৃত চার্জ এর পত্র প্রাপ্তির পর (তালিকা সহ) এলপিও কর্তৃক নিম্নরূপ হিসাবায়ণ করতে হবেঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ৪১/১০ (এইচ) =মাসিক মোট জমাকৃত অংক। (BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের অংশ) | ৮১-বাংলাদেশ ব্যাংকের চলতি হিসাব। |

(গ) বিকেবি'র BACH শাখা সমূহ বাংলাদেশ ব্যাংকের জন্য আদায়কৃত চার্জ এর সমপরিমাণ টাকার ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের শেষ কর্মদিবসে ১১৯ বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে (তালিকাসহ) এলপিওতে প্রেরণ করবে। এক্ষেত্রে নিম্মোক্ত হিসাবায়ন পদ্ধতি অনুসরন করবে ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ৪১/১০ (এইচ) = মাসিক মোট জমাকৃত অংক। (BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের অংশ) | ১১৯- বিকেবি সাধারন হিসাব। |

(ঘ) অতঃপর বিকেবি'র ব্যাচ শাখাসমূহ (এলপিও সহ) ৪৬/৫ভি (ব্যাচ কমিশন) হিসাব খাতে মাসের শেষ কর্মদিবস পর্যন্ত জমাকৃত অর্থের ১৫% ভ্যাট বাবদ কর্তন পুর্বক ৪১/১০জি (ব্যাচের আয় বাবদ আদায়কৃত টাকার উপর ভ্যাট) হিসাব খাতে জমা করবে এবং শাখায় রক্ষিত অন্যান্য ভ্যাট এর অনুরূপ নিয়মে যথারীতি সরকারী কোষাগারে জমার নিমিত্তে অত্র বিভাগে প্রেরণ করবে।

চলমান/২

(ঙ) ব্যাচ শাখা ব্যতীত অন্য শাখাসমূহ হতে সংগ্রহের জন্য প্রেরিত মাইকার ইনস্ট্রুমেন্ট (চেক, ডিডি, পিও, বৈদেশিক ডিডি, ডিভিডেন্ড ওয়ারেন্ট ইত্যাদি) এর ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টসমূহ ব্যাচের মাধ্যমে সংগৃহীত হওয়ার পর ব্যাচ শাখাসমূহ উক্ত ইনস্ট্রুমেন্ট থেকে উপরোক্ত ২(ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী চার্জ কর্তনপূর্বক অবশিষ্ট অংক গ্রাহকের শাখায় ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রেরন করবে এবং এ্যাডভাইসের নিম্নাংশে কর্তনকৃত চার্জের বিবরণ উল্লেখ করবে। উল্লেখ্য যে, গ্রাহকের শাখা উক্ত ইনস্ট্রুমেন্টের টাকা সংগ্রহের পর বিকেবি'র বর্তমান প্রচলিত নিয়মানুযায়ী কালেকশন চার্জ গ্রাহকের নিকট হতে যথারীতি আদায় করবে।

(চ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে আমানত সংগ্রহ বাবদ বা অন্য কোন খাতে বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে প্রাপ্ত চেক, ডিডি, পিও ইত্যাদি BACH এর মাধ্যমে কালেকশন হলে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের চার্জ সংশ্লিষ্ট BACH শাখা কর্তৃক বহন করতে হবে। এক্ষেত্রে BACH শাখা নিম্নরূপ হিসাবায়ন করবেঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩৩/৩৬ এইচ = টাকা ৮/- বা ৫০/- বা ২০/-<br>(BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের অংশ)। | ৪১/১০ এইচ -ব্যাচ চার্জ<br>টাকা ৮/- বা ৫০/- বা ২০/-( ভ্যাট সহ)<br>(BACH চার্জ - বাংলাদেশ ব্যাংকের অংশ)। |

০৩. পুণঃনির্ধারিত উক্ত চার্জ মার্চ,২০১৩ হতে কার্যকর হবে।

০৪. এতদ্‌বিষয়ে অত্র বিভাগের ডিএমডি-২(হিসাব-১) পরিপত্র নং-১৬/২০১২ তারিখ ২৬-১২-২০১২ সংশোধিত হয়েছে বলে গন্য হবে।

০৫. বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পরিপত্রে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। সংশ্লিষ্ট বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে বিকেবি'র BACH Program Manager এর সাথে email: bachmanagerbkb@gmail.com বা ফোন নং-০২-৯৫১৫৫৮৬ এবং পিএবিএক্স নং-০২-৯৫৬০০২১ এক্স-২৩৭ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-১/১(৫৫)/২০১২-২০১৩/ ১৫৭৯(১১০০) তারিখঃ ০৩-০৩-২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/প্রধান প্রকৌশলী/ অধ্যক্ষ টি আই, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রের সাথে সংযুক্ত বাংলাদেশ ব্যাংকের পরিপত্রের আলোকে BACH এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ ধার্যের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে BACH Software এ প্রয়োজনীয় পরিবর্তন / সংশোধন আনয়ন এবং সংযুক্তিসহ অত্র সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৭। সকল বিভাগীয়/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৮। BACH Program Manager,বিকেবি,এলপিও,ঢাকা।
০৯। অন্যান্য সকল শাখা ব্যাবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০। নথি / মহানথি।

(মোঃ আবদুল কুদ্দুস সিকদার)
সহকারী মহাব্যবস্থাপক

www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং-১/২০১৩

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০১৩
১৬ ফাল্গুন ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় প্রসঙ্গে।**

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ করে ১৩ নভেম্বর ২০১২ তারিখে প্রকাশিত সার্কুলার নং-৩/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আন্তঃ ব্যাংক লেনদেনের নিস্পত্তি দ্রুত ও নিরাপদ করার জন্য ২০১০ সালে BACH চালুর মাধ্যমে সমগ্র দেশের ৪১টি নিকাশ ঘরকে একটি মাত্র সমন্বিত নিকাশ (Clearing) ব্যবস্থায় একীভূত করা হয়। BACH এর দুটি শাখা - বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিষ্টেম (BACPS) এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস্ ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) ব্যাংকগুলোর মাধ্যমে গ্রাহকদের বিশ্বমানের সেবা প্রদান করছে। আমাদের দেশে কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘরের মাধ্যমে আন্তঃ ব্যাংক লেনদেন নিস্পত্তি হলেও প্রতিবেশী দেশগুলোসহ অধিকতর অগ্রসর দেশগুলোয় দক্ষ এবং উন্নত ব্যবস্থাপনার স্বার্থে নিকাশ ব্যবস্থার সদস্যদের দ্বারা গঠিত পৃথক সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের নিজস্ব আয় থেকে ব্যয় সংস্থানের ভিত্তিতে নিকাশ ব্যবস্থা পরিচালিত হচ্ছে। উচ্চ প্রযুক্তি সমৃদ্ধ BACH পরিচালনায় একই মডেল অবলমনের প্রারম্ভিক পর্যায় হিসেবেই পিএসডি সার্কুলার নং-৩/২০১২ দ্বারা BACH এর মাধ্যমে লেনদেনের উপর ন্যূনতম মাত্রায় চার্জ আরোপ করা হয়। এ বিষয়ে বিভিন্ন মহলের প্রতিক্রিয়া বিবেচনায় নিয়ে চার্জ এর কাঠামো নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে, যাতে BACH ও অংশ গ্রহণকারী ব্যাংকগুলোর মধ্যে চার্জ এর বন্টন যৌক্তিককরণ ছাড়াও কিছু কিছু লেনদেন নিস্পত্তি আপাততঃ চার্জ এর আওতামুক্ত থাকবে।

(১) ৫০ হাজার টাকার কম সব ধরনের চেক ক্লিয়ারিং চার্জ এর আওতামুক্ত থাকবে;

(২) চেকের পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহার উৎসাহিত করার লক্ষ্যে সকল EFT লেনদেন চার্জ এর আওতামুক্ত থাকবে;

(৩) সকল ধরনের G2P (সরকার কর্তৃক ব্যক্তিকে প্রদেয়) চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে;

(৪) টাকার অংক নির্বিশেষে সকল ধরনের সরকারী প্রাপ্তির বিপরীতে (যথাঃ চালানের বিপরীতে কিংবা সঞ্চয়পত্র ক্রয়ের উদ্দেশ্যে) গৃহীত চেক, ইউটিলিটি বিল এবং সিটি কর্পোরেশন/পৌরসভার বিভিন্ন পাওনার বিপরীতে গৃহীত সকল চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে;

(৫) ৫০ হাজার কিংবা তদুর্ধ কিন্তু ৫ লক্ষ টাকার কম অঙ্কের চেক ক্লিয়ারিং এর জন্য ১০ টাকা (ভ্যাটসহ) চার্জ আদায়যোগ্য হবে; যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৮ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ২ টাকা;

(৬) দেশের যেকোন অঞ্চলের হাইভ্যালু চেক (৫ লক্ষ টাকা বা তদুর্দ্ধ) Same Day Clearing এর জন্য ভ্যাটসহ ৬০ টাকা চার্জ প্রযোজ্য হবে যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৫০ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ১০ টাকা। তবে ৫ লক্ষ বা তদূর্দ্ধ অংকের চেক রেগুলার ভ্যালু ক্লিয়ারিংয়ে উপস্থাপিত হলে (ভ্যাটসহ) সর্বোচ্চ ২৫ টাকা চার্জ প্রযোজ্য হবে, যার মধ্যে BACH ও উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে যথাক্রমে ২০ টাকা ও ৫ টাকা;

(৭) ধার্যকৃত চার্জ চেকের প্রাপক (Payee) থেকে আদায় করা যাবে। তবে কোন ব্যাংক নিজস্ব সিদ্ধান্তে গ্রাহকের কাছ থেকে চার্জ গ্রহণ না করে নিজস্ব উৎস হতেও BACH এর প্রাপ্য চার্জ পরিশোধ করতে পারবে।

চার্জ হিসাবায়নের সুবিধার্থে অংশগ্রহণকারী প্রতিটি ব্যাংক, পরবর্তী মাসের দ্বিতীয় কর্মদিবসের মধ্যে পূর্ববর্তী মাসে সম্পাদিত চার্জের আওতাবহির্ভূত লেনদেনের তথ্য (যথাঃ চেক নম্বর, উপস্থাপনের তারিখ ও টাকার অংক) সম্বলিত একটি তালিকা অত্র বিভাগে দাখিল করবে।

সংশোধিত এ ক্লিয়ারিং চার্জ মার্চ ২০১৩ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস,এম, রেজাউল করিম)